# মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড

<u>৫৮, আগ্রাবাদ বা/এলাকা, চট্টগ্রাম</u>।

## <u>৪০তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী</u>

মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড এর ৪০তম বার্ষিক সাধারণ সভা ১২ জানুয়ারি, ২০১৯ শনিবার বেলা ১১:৩০ ঘটিকায় **"সিটি হল কনভেনশন সেন্টার",** আগ্রাবাদ এক্সেস রোড, চট্টগ্রাম-এ অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন কোম্পানির পরিচালনা পর্ষদের চেয়ারম্যান জনাব আবু হেনা মোঃ রহমাতুল মুনিম।

**<u>উপস্থিতি</u> ঃ**

| | |
|---|---|
| **জনাব আবু হেনা মোঃ রহমাতুল মুনিম**<br>সচিব<br>জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ<br>বাংলাদেশ সচিবালয়, ঢাকা। | **চেয়ারম্যান** |
| **তহমিনা বেগম**<br>অতিরিক্ত সচিব, অর্থ বিভাগ<br>অর্থ মন্ত্রণালয়। | **পরিচালক** |
| **মিসেস পারভীন আকতার**<br>অতিরিক্ত সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ<br>বাংলাদেশ সচিবালয়, ঢাকা। | **পরিচালক** |
| **জনাব মোঃ সরওয়ার আলম**<br>পরিচালক (বিপণন)<br>বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন। | **পরিচালক** |
| **জনাব মোঃ ঈদতাজুল ইসলাম**<br>উপ-সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ<br>বাংলাদেশ সচিবালয়, ঢাকা। | **পরিচালক** |
| **জনাব এ কে এম জসীম উদ্দিন**<br>৫৩, সিদ্ধেশ্বরী লেইন<br>রমনা, ঢাকা। | **স্বাধীন পরিচালক** |
| **জনাব ইস্তাক আহম্মেদ শিমুল**<br>১১০, ফ্রি স্কুল স্ট্রীট<br>ধানমন্ডি, ঢাকা। | **পরিচালক** |
| **জনাব মোঃ মাসুদুর রহমান**<br>৭, সিদ্ধেশ্বরী রোড<br>ঢাকা। | **শেয়ারহোল্ডার পরিচালক** |
| **মীর ছাইফুল্লাহ-আল-খালেদ**<br>ব্যবস্থাপনা পরিচালক<br>মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড, চট্টগ্রাম। | **পরিচালক** |

<u>সভায় উপস্থিত থেকে সভার কার্যবিবরণী প্রণয়ন করেন</u> ঃ

**জনাব রেজা মোঃ রিয়াজউদ্দিন**
সহকারী মহাব্যবস্থাপক (এইচআর)
ও
কোম্পানি সচিব
মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড।

সভায় বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশনের নমিনী শেয়ারহোল্ডার কাজী মোহাম্মদ হাসান, সচিব, বিপিসি, ফোলিও নং- ৪৩; জনাব মোঃ গিয়াস উদ্দিন আনচারী, বিপিসি, ফোলিও নং-৪০; জনাব মোঃ আবু হানিফ, সিনিয়র মহাব্যবস্থাপক (বাণিজ্য ও পরিচালন), বিপিসি, ফোলিও নং- ৩৮; জনাব মোঃ ইউসুফ হোসেন ভূঁইয়া, মহাব্যবস্থাপক (নিরীক্ষা), বিপিসি, ফোলিও নং- ৩৪; জনাব মুস্তফা কুদরত-ই-ইলাহী, মহাব্যবস্থাপক (পরিকল্পনা), বিপিসি, ফোলিও নং- ৩৫; জনাব মনিলাল দাশ, মহাব্যবস্থাপক (অর্থ), বিপিসি, ফোলিও নং- ৩৭ এবং বিপিসি কর্তৃক মনোনীত প্রতিনিধি শেয়ারহোল্ডার জনাব মোঃ আলতাফ হোসেন চৌধুরী, পরিচালক (অর্থ), বিপিসি; জনাব এ টি এম সেলিম, মহাব্যবস্থাপক (হিসাব), বিপিসি ও জনাব আবুল কালাম আজাদ, উপ-মহাব্যবস্থাপক (এমআইএস), বিপিসি সহ ১০৪০ জন শেয়ারহোল্ডার উপস্থিত ছিলেন।

কোম্পানি সচিব সভার শুরুতে কোম্পানির ৪০তম বার্ষিক সাধারণ সভায় আগত সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দকে শুভেচ্ছা জানান করেন। এরপর পবিত্র কোরআন থেকে তেলাওয়াত করা হয়।

পর্ষদের সম্মানিত চেয়ারম্যান উপস্থিত সম্মানিত পরিচালকবৃন্দ ও শেয়ারহোল্ডারবৃন্দকে স্বাগত জানিয়ে ৪০তম বার্ষিক সাধারণ সভার কার্যক্রমের শুভ সূচনা ঘোষনা করে নিজ পরিচয় প্রদান করেন এবং অন্যান্য পরিচালকবৃন্দকে স্ব স্ব পরিচয় প্রদানের জন্য আহ্বান জানালে পরিচালকবৃন্দ পর্যায়ক্রমে তাঁদের পরিচয় প্রদান করেন। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী ৪০তম বার্ষিক সাধারণ সভার কার্যক্রম শুরু হয়।

চেয়ারম্যানের অনুমতিক্রমে কোম্পানি সচিব মেঘনা পেট্রোলিয়াম লিমিটেডের ৪০তম বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি পাঠ করেন।

অতঃপর কার্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু হয়।

**আলোচ্যসূচি নং-১ ঃ**

**<u>২০ জানুয়ারি, ২০১৮ তারিখে অনুষ্ঠিত ৩৯তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী ও সিদ্ধান্ত নিশ্চিতকরণ</u>।**

চেয়ারম্যান কোম্পানি আইন ১৯৯৪ এর ৮৯ (২) ধারা মোতাবেক মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড এর ৩৯তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী ২০১৭-২০১৮ অর্থ বৎসরের বার্ষিক প্রতিবেদনের সাথে শেয়ারহোল্ডারবৃন্দের জ্ঞাতার্থে প্রেরণ করা হয়েছে মর্মে উল্লেখ করে তিনি আশাবাদ ব্যক্ত করেন যে, সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ তা সময়মত পেয়েছেন এবং পড়েছেন।

অতঃপর সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ সম্মিলিতভাবে ৩৯তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী পঠিত হয়েছে মর্মে মত প্রকাশ করেন।

এ পর্যায়ে চেয়ারম্যান ৩৯তম বার্ষিক সাধারণ সভায় উপস্থিত ছিলেন এমন একজন সম্মানিত শেয়ারহোল্ডারকে সভার কার্যবিবরণী নিশ্চিতকরণের জন্য প্রস্তাব করতে এবং অন্য একজনকে তা সমর্থন করতে আহ্বান জানালে সম্মানিত শেয়ারহোল্ডার জনাব মোঃ মোবারক হোসেন, বিও আইডি নং ১২০২৫৩০০১৯৮১৫১২২ উক্ত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণের জন্য প্রস্তাব করেন এবং তা সমর্থন করেন অপর শেয়ারহোল্ডার মিস্ শিরিন আখতার, বিও আইডি নং ১২০৩৪৩০০১৪৯৬১৪০৬।

**সিদ্ধান্ত ঃ**
৩৯তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী, ৪০তম বার্ষিক সাধারণ সভায় সর্বসম্মতিক্রমে নিশ্চিত করা হলো।

**আলোচ্যসূচি নং-২ ঃ**

**২০১৮ সালের ৩০ জুন সমাপ্ত বছরের নিরীক্ষিত হিসাবের উপর কোম্পানির পরিচালকমন্ডলীর প্রতিবেদন গ্রহণ এবং অনুমোদন।**

৩০ জুন, ২০১৮ তারিখে সমাপ্ত ২০১৭-২০১৮ অর্থ বছরের নিরীক্ষিত হিসাবের উপর যুগ্ম বহিঃ নিরীক্ষকদের প্রতিবেদন এবং সম্মানিত শেয়ারহোল্ডারগণের প্রতি পরিচালকমন্ডলীর প্রতিবেদন সম্বলিত ২০১৭-২০১৮ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন ইতিমধ্যে সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ পেয়েছেন এবং পড়েছেন মর্মে চেয়ারম্যান আশাবাদ ব্যক্ত করেন।

এরপর চেয়ারম্যান কর্তৃক ৩০ জুন, ২০১৮ তারিখে সমাপ্ত অর্থ বছরের নিরীক্ষিত হিসাবের উপর এবং পরিচালকমন্ডলীর প্রতিবেদনের উপর সম্মানিত শেয়ারহোল্ডারগণের বক্তব্য আহ্বান করা হলে নিম্নে উল্লেখিত সম্মানিত শেয়ারহোল্ডারগণ পর্যায়ক্রমে তাঁদের বক্তব্য উপস্থাপন করেন ঃ-

**জনাব কবির আহমদ চৌধুরী**
**বিও আইডি নং ১৬০১৮৮০০৪৫৮৪৩৫০০**

বক্তব্যের শুরুতে সময়মত মেঘনা পেট্রোলিয়াম লিমিটেডের বার্ষিক প্রতিবেদন হাতে পাওয়ায় এবং চলতি বছরে ৩৬০.৪১ কোটি টাকা নীট মুনাফা অর্জন করায় তিনি কোম্পানির পরিচালকমন্ডলী, ব্যবস্থাপনা কর্তৃপক্ষসহ সকল স্তরের কর্মকর্তা-কর্মচারীদেরকে ধন্যবাদ জ্ঞাপন করেন। একইসাথে তিনি ক্রমবর্ধমান মুনাফা বৃদ্ধির এই ধারা অব্যাহত থাকার বিষয়ে আশাবাদ ব্যক্ত করেন। তিনি শেয়ারহোল্ডারদের প্রতি কর্মকর্তা-কর্মচারীদের সদ্ব্যবহারে সন্তোষ প্রকাশ করেন। তিনি কোম্পানির সম্পদের পুর্নমূল্যায়নের মাধ্যমে নেট এসেট ভেল্যু বৃদ্ধি করার দাবি জানান। তিনি কোম্পানির প্রধান কার্যালয় ভবন নির্মাণ কাজ দ্রুত শেষ করার তাগিদ দিয়ে মহেশ্বর পাশায় পাওয়ার প্ল্যান্ট নির্মাণ, ঢাকাস্থ মতিঝিলে ভবন নির্মাণ সহ অন্যান্য মেগা প্রকল্পসমূহ অতিসত্ত্বর শুরু করার জন্য ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে পরামর্শ প্রদান করেন। এছাড়াও আয়বর্ধক আরো নতুন প্রকল্প হাতে নেয়ার বিষয়ে চেয়ারম্যান মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করে তিনি তাঁর বক্তব্য শেষ করেন।

**জনাব মোঃ মোবারক হোসেন**
**বিও আইডি নং ১২০২৫৩০০১৯৮১৫১২২**

বক্তব্যের শুরুতে তিনি পরিপূর্ণ তথ্যবহুল বার্ষিক প্রতিবেদন প্রকাশ করায় সন্তোষ প্রকাশ করেন। চলতি বছরে প্রায় ১৭% বিক্রয় বৃদ্ধি পাওয়ায় এবং পরিচালন ব্যয় হ্রাস পাওয়ায় তিনি কোম্পানির ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে ধন্যবাদ জানান। সরকারের উন্নয়নের রোল মডেলে সংযুক্ত হয়ে সরকারকে ভ্যাট, ট্যাক্স, ডিউটি সহ বিভিন্ন খাতে প্রায় ৩১০ কোটি টাকা প্রদান সত্ত্বেও চলতি বছরে কোম্পানি ৩৬০ কোটি টাকা মুনাফা করেছে, ১৪০% ডিভিডেন্ড দিয়েছে, রিজার্ভ বেড়ে দাড়িয়েছে ৯৬০.৫০ কোটি টাকায়। কিন্তু সরকারী সিদ্ধান্তের কারণে পাওয়ার প্ল্যান্ট গুলো জ্বালানি তেলের পরিবর্তে এলএনজি-তে পরিচালিত হওয়ার প্রেক্ষিতে বিক্রয়ের পরিমান ইতিমধ্যে উল্লেখযোগ্য হারে কমে যাওয়ায় তিনি ভবিষ্যতে মুনাফা হ্রাস পেতে পারে বলে আশংকা প্রকাশ করেন। এ পরিস্থিতিতে তেল বিপণনকারী প্রতিষ্ঠানসমূহের মার্জিন বৃদ্ধির জন্য তিনি চেয়ারম্যান এর নিকট জোর দাবি জানান। বার্ষিক প্রতিবেদন অনুযায়ী এ বছর রিসিভেবল এমাউন্ট অনেক বেশী দেখা যাচ্ছে উল্লেখ করে তিনি এবিষয়ে ব্যবস্থাপনা কর্তৃপক্ষের নিকট জানতে চান। পরিবহণের সময় পথিমধ্যে তেল চুরি হওয়ার বিষয়ে মিডিয়াতে বিভিন্ন সময়ে প্রতিবেদন প্রকাশ করা হয়েছে উল্লেখ করে তিনি অত্র কোম্পানিতে এধরণের কোন ঘটনা ঘটেছে কিনা সে ব্যাপারে ব্যবস্থাপনা কর্তৃপক্ষের নিকট জানতে চান। পরিশেষে চট্টগ্রামের আগ্রাবাদস্থ ৭২নং প্লটে নির্মিয়মান প্রধান কার্যালয় ভবনের নির্মাণ কার্য কোন অবস্থায় আছে সে বিষয়ে জানতে চেয়ে তিনি তাঁর বক্তব্য শেষ করেন।

**জনাব আলহাজ্ব মোঃ আবদুল ওহাব**
**বিও আইডি নং ১২০১৯৬০০০৮০১৪৩৬৭**

তিনি বক্তব্যের শুরুতে মেঘনা পেট্রোলিয়াম লিমিটেডের বার্ষিক সাধারণ সভায় উপস্থিত পরিচালকমন্ডলী ও শেয়ারহোল্ডারবৃন্দকে শুভেচ্ছা জানান। তিনি সুন্দর পরিবেশে বার্ষিক সাধারণ সভা আয়োজন এবং ১৪০% ক্যাশ ডিভিডেন্ড ঘোষনার জন্য কোম্পানির ব্যবস্থাপনা কর্তৃপক্ষ এবং পরিচালক পর্ষদকে ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি বার্ষিক প্রতিবেদনের ১২ পৃষ্ঠায় বর্ণিত নিরীক্ষকদের মতামত এবং পরিচালকমন্ডলীর বক্তব্য এর প্রতি দৃষ্টি আকর্ষণ করে বলেন, কোম্পানির সম্পত্তি গুলির রেজিস্ট্রি/নামজারী প্রক্রিয়া এবং আন্তঃ কোম্পানিগুলির হিসাব মিলামিল করণ প্রক্রিয়া শুরু হওয়ায় ভাল হয়েছে। তবে কাজ গুলি দ্রুত সম্পন্ন করার অনুরোধ জানিয়ে তিনি তাঁর বক্তব্য সমাপ্ত করেন।

**জনাব মোঃ সিদ্দিক আলী**
**বিও আইডি নং ১২০১৬০০০১৯৭৯১২৪৪**

সুন্দর পরিবেশে বার্ষিক সাধারণ সভার আয়োজন করায় তিনি কোম্পানির ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে ধন্যবাদ জানান। তবে তিনি যথাসময়ে বার্ষিক প্রতিবেদন না পাওয়ায় অসন্তোষ প্রকাশ করেন। এ বছর কোম্পানির শেয়ার প্রতি আয় হয় ৩৩.৩০

টাকা অথচ ডিভিডেন্ড দেয়া হয়েছে ১৪.০০ টাকা উল্লেখ করে তিনি ভবিষ্যতে আরো বেশী হারে ডিভিডেন্ড প্রদানের দাবি জানান। এছাড়া তিনি ক্যাশ ডিভিডেন্ডের পাশাপাশি স্টক ডিভিডেন্ড ঘোষনা করার আহবান জানান। সিএসআর কার্যক্রমের আওতায় শেয়ারহোল্ডারগণের ছেলেমেয়েদেরকে অনুদান প্রদানের জন্য ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে অনুরোধ জানিয়ে তিনি বক্তব্য সমাপ্ত করেন।

**জনাব হীরালাল বনিক**
**বিও আইডি নং ১২০১৮৪০০০০৭০৩২৩২**
অক্লান্ত পরিশ্রমের মাধ্যমে চলতি বছরে কোম্পানির মুনাফা বৃদ্ধিতে অবদান রাখায় এবং ভাল ডিভিডেন্ড ঘোষনা করায় তিনি কর্মকর্তা-কর্মচারীদের ভূয়সী প্রশংসা করেন। একই সাথে কর্মকর্তা-কর্মচারীদেরকে তাদের একাগ্রতা ও কর্মনিষ্ঠার পুরস্কার হিসেবে অন্ততঃ ১ বা ২ মাসের মূলবেতনের সমান অতিরিক্ত বোনাস প্রদানের জন্য তিনি চেয়ারম্যান এর প্রতি আহবান জানান। এতে কর্মকর্তা-কর্মচারীদের কর্মস্পৃহা আরো বাড়বে বলে মত প্রকাশ করে তিনি বক্তব্য সমাপ্ত করেন।

**জনাব আবদুল্লাহ আল ওয়াহাব**
**বিও আইডি নং ১২০২৪২০০২৩৫৩৯২৩১**
তিনি মেঘনা পেট্রোলিয়াম লিমিটেডের বার্ষিক সাধারণ সভায় উপস্থিত শেয়ারহোল্ডারদেরকে শুভেচ্ছা জানিয়ে বলেন যে, ডিজিটাল বাংলাদেশ এর যুগে এখন আর ডাকে বার্ষিক প্রতিবেদন না পৌঁছালেও সমস্যা হয় না; কেননা বার্ষিক প্রতিবেদন কোম্পানির ওয়েব সাইটে প্রকাশ করা হয়েছে এবং তিনি নিজে ওয়েব সাইট থেকে বার্ষিক প্রতিবেদন সংগ্রহ করেছেন বলে জানান।

শেয়ারহোল্ডারবৃন্দের বক্তব্য প্রদান পর্ব শেষে চেয়ারম্যান গঠনমূলক বক্তব্য ও পরামর্শ প্রদানের জন্য শেয়ারহোল্ডারবৃন্দকে ধন্যবাদ জানান। শেয়ারের মার্কেট প্রাইজ উঠানামার ক্ষেত্রে কোম্পানির কোন হাত নেই এবং মুনাফা বৃদ্ধির কৃতিত্ব কর্মকর্তা-কর্মচারীদের বলে চেয়ারম্যান মন্তব্য করেন। চেয়ারম্যান আরো বলেন, প্রতিবছর একই হারে মুনাফা করা সম্ভব নাও হতে পারে, তাই লাভের একটি অংশ রিজার্ভ রাখা হয়; যাতে পরবর্তী বছরে ডিভিডেন্ড প্রদান করা যায়। এপর্যায়ে শেয়ারহোল্ডারবৃন্দের বিভিন্ন প্রশ্নের জবাব প্রদানের জন্য কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক মীর ছাইফুল্লাহ-আল-খালেদ-কে আহবান জানান।

**<u>কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক মীর ছাইফুল্লাহ-আল-খালেদ এর বক্তব্য</u> ঃ**

ব্যবস্থাপনা পরিচালক সম্মানিত শেয়ারহোল্ডারগণকে অদ্যকার সভায় উপস্থিত থেকে সভাকে সুন্দর, সার্থক ও অর্থবহ করে তোলার জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি শেয়ারহোল্ডারগণকে অবহিত করেন যে, বিদ্যুৎ কেন্দ্র সমূহ এলএনজি নির্ভর হয়ে যাওয়ায় তেলের চাহিদা উল্লেখযোগ্য হারে কমে গেছে; তাই মুনাফা বৃদ্ধির নিমিত্তে পর্ষদের নির্দেশনায় ব্যবসার লক্ষ্যে খুলনার মহেশ্বর পাশায় একটি বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের কাজ হাতে নেয়া হয়েছে। ঢাকাস্থ মতিঝিলে অবস্থিত কোম্পানির নিজস্ব জায়গার উপর বাণিজ্যিক ভবন নির্মাণ প্রকল্প প্রক্রিয়াধীন আছে এবং চট্টগ্রামের আগ্রাবাদস্থ ৭২নং প্লটে প্রধান কার্যালয় ভবন নির্মাণের কাজ চলছে। এছাড়াও ক্যাস্ট্রল লুব্রিক্যান্টস্ এর সাথে তাদের পণ্য বিপণনের বিষয়ে একটি চুক্তি শীঘ্রই স্বাক্ষরিত হতে যাচ্ছে বলে জানান। এ প্রকল্পগুলো সমাপ্ত হলে কোম্পানির বেশ কিছু আয়ের খাত উন্মোচিত হবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

ভ্যাট, ট্যাক্সসহ বিভিন্ন কারণে বিপিসি এবং আন্তঃকোম্পানিগুলির সাথে পণ্য আদান প্রদানের কারণে রিসিভেবল এমাউন্ট বৃদ্ধি পেয়েছে বলে তিনি শেয়ারহোল্ডারদের অবহিত করেন। এই টাকা পরবর্তীতে এনবিআর, বিপিসি এবং আন্তঃকোম্পানিগুলির সাথে সমন্বয় করা হয় বলে তিনি জানান।

একজন শেয়ারহোল্ডারের বার্ষিক প্রতিবেদন না পাওয়ার বিষয়ে তিনি বলেন, পর্যাপ্ত পরিমাণে বার্ষিক প্রতিবেদন ছাপানো হয়েছে ও যথাসময়ে শেয়ারহোল্ডারদের ঠিকানায় তা প্রেরণ করা হয়েছে এবং কোম্পানির ওয়েব সাইটে উক্ত বার্ষিক প্রতিবেদন প্রকাশ করা হয়েছে। তদুপরি বিএসইসি'র নির্দেশনা মোতাবেক সিডিবিএল এর ডাটাতে যে সব শেয়ারহোল্ডারদের ইমেইল এড্রেস্ আছে তাদের নিকট বার্ষিক প্রতিবেদন ইমেইল এর মাধ্যমেও প্রেরণ করা হয়েছে। পরিশেষে, বার্ষিক সাধারণ সভায় উপস্থিত পরিচালকবৃন্দ ও শেয়ারহোল্ডারবৃন্দের পুনরায় ধন্যবাদ জানিয়ে তিনি তাঁর বক্তব্য শেষ করেন।

অতঃপর চেয়ারম্যান উপস্থিত সম্মানিত শেয়ারহোল্ডারদের মধ্যে কারো কোন আপত্তি না থাকলে বার্ষিক সাধারণ সভায় উপস্থাপিত সম্মানিত শেয়ারহোল্ডারগণের প্রতি পরিচালকমন্ডলীর প্রতিবেদন এবং ২০১৭-২০১৮ অর্থ বছরের নিরীক্ষিত হিসাব গ্রহণ ও অনুমোদনের লক্ষ্যে প্রস্তাব করার আহ্বান জানালে উক্ত প্রতিবেদন ও নিরীক্ষিত হিসাব গ্রহণ এবং

অনুমোদনের প্রস্তাব করেন সম্মানিত শেয়ারহোল্ডার জনাব নাসিরুল ইসলাম, বিও আইডি নং ১২০৪১৮০০২৫৯৭৮৪৮৩ এবং তা সমর্থন করেন সম্মানিত শেয়ারহোল্ডার জনাব মোঃ শহিদ মিয়া, বিও আইডি নং ১২০১৭৩০০৬২৩৬৫৫৪৫।

**সিদ্ধান্ত ঃ**

মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড এর ৪০তম বার্ষিক সাধারণ সভায় সম্মানিত শেয়ারহোল্ডারগণের প্রতি উপস্থাপিত পরিচালকমন্ডলীর প্রতিবেদন এবং ৩০ জুন, ২০১৮ তারিখে সমাপ্ত হিসাব বছরের নিরীক্ষিত হিসাব গৃহীত ও অনুমোদিত হলো।

**আলোচ্যসূচি নং-৩ ঃ**

**২০১৮ সালের ৩০ জুন সমাপ্ত বছরের জন্য ঘোষিত লভ্যাংশ অনুমোদন।**

২০১৬-২০১৭ অর্থ বছরের অবন্টনকৃত মুনাফা ৫,৮৩,৪৫,৭০৬/- (পাঁচ কোটি তিরাশি লক্ষ পঁয়তাল্লিশ হাজার সাতশত ছয়) টাকা এবং আলোচ্য বছরের কর-উত্তর মুনাফা ৩৬০,৪১,০০,৬৮৬/- (তিনশত ষাট কোটি একচল্লিশ লক্ষ ছয়শত ছিয়াশি) টাকা সমেত মোট বন্টনযোগ্য মুনাফার পরিমাণ দাড়াঁয় ৩৬৬,২৪,৪৬,৩৯২/- (তিনশত ছেষট্টি কোটি চব্বিশ লক্ষ ছেচল্লিশ হাজার তিনশত বিরানব্বই) টাকা। এ অবন্টনকৃত মুনাফা হতে কোম্পানির পরিচালক পর্ষদ ২০১৭-২০১৮ অর্থ বছরের জন্য ১৪০ শতাংশ হারে নগদ লভ্যাংশ অর্থাৎ প্রতিটি ১০ (দশ) টাকা মূল্যমানের শেয়ারের বিপরীতে ১৪.০০ (চৌদ্দ) টাকা বাবদ মোট ১৫১,৫০,২৫,৫১২/- (একশত একান্ন কোটি পঞ্চাশ লক্ষ পঁচিশ হাজার পাঁচশত বার) টাকা লভ্যাংশ বাবদ প্রদানের সুপারিশ করেছে। এছাড়াও পরিচালক পর্ষদ ২০১৭-২০১৮ হিসাব বছরের অবন্টনকৃত মুনাফা হতে ২১০,০০,০০,০০০/- (দুইশত দশ কোটি) টাকা রিজার্ভ ফান্ডে স্থানান্তরের জন্য সুপারিশ করেছে। অবশিষ্ট ৪,৭৪,২০,৮৮০/- (চার কোটি চুয়াত্তর লক্ষ বিশ হাজার আটশত আশি) টাকা অবন্টনকৃত মুনাফা হিসেবে পরবর্তী ২০১৮-২০১৯ হিসাব বছরে স্থানান্তরিত হবে। সম্মানিত শেয়ারহোল্ডারগণের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, রিজার্ভ ফান্ডে ২১০,০০,০০,০০০/- (দুইশত দশ কোটি) টাকা স্থানান্তরের উদ্দেশ্য হ'ল দেশের মোট পেট্রোলিয়ামজাত পণ্যের চাহিদা বৃদ্ধিজনিত কারণে কোম্পানির প্রধান স্থাপনাগারসহ দেশব্যাপী অবস্থিত ডিপোগুলোতে ডিজেল এবং অন্যান্য প্রোডাক্টের মজুদের জন্য স্টোরেজ ট্যাংক নির্মাণ, চট্টগ্রামের আগ্রাবাদস্থ ৭২নং প্লটে ১৯ তলা বিশিষ্ট প্রধান কার্যালয় ভবন নির্মাণ, ঢাকাস্থ মতিঝিলের প্রাণকেন্দ্রে ৪০ তলা ভবন নির্মাণ, খুলনাস্থ মহেশ্বর পাশায় কোম্পানির নিজস্ব জমিতে একটি বিদ্যুৎ কেন্দ্র স্থাপন ও আনুষঙ্গিক অন্যান্য কার্যাদি সম্পন্ন করা।

চেয়ারম্যান উপস্থিত সম্মানিত শেয়ারহোল্ডারগণের মধ্য হতে উক্ত লভ্যাংশ বন্টনের প্রস্তাব ও সমর্থনের জন্য আহ্বান জানালে সম্মানিত শেয়ারহোল্ডার জনাব মোহাম্মদ শরীফুল ইসলাম মজুমদার, বিও আইডি নং ১২০৩৩৩০০৫২০৫৯৩২১ উল্লিখিত হারে লভ্যাংশ প্রদানের পর মুনাফা হতে রিজার্ভ ফান্ডে ২১০,০০,০০,০০০/- (দুইশত দশ কোটি) টাকা স্থানান্তর ও অবশিষ্ট ৪,৭৪,২০,৮৮০/- (চার কোটি চুয়াত্তর লক্ষ বিশ হাজার আটশত আশি) টাকা পরবর্তী ২০১৮-২০১৯ অর্থ বছরে অবণ্টনকৃত মুনাফা হিসেবে স্থানান্তরের প্রস্তাব করেন এবং জনাব হারাধন দাশ, বিও আইডি নং ১২০৩৩৩০০৪৬২০৭৮১৫ তা সমর্থন করেন।

**সিদ্ধান্ত ঃ**

২০১৭-২০১৮ অর্থ বছরে কোম্পানির পরিশোধিত মূলধন ১০৮,২১,৬১,০৮০/- (একশত আট কোটি একুশ লক্ষ একষট্টি হাজার আশি) টাকার উপর ১৪০% হারে অর্থাৎ প্রতি ১০/- টাকার শেয়ারে ১৪.০০ টাকা হিসেবে সর্বমোট ১৫১,৫০,২৫,৫১২/- (একশত একান্ন কোটি পঞ্চাশ লক্ষ পঁচিশ হাজার পাঁচশত বার) টাকা নগদ লভ্যাংশ প্রদানের এবং ২১০,০০,০০,০০০/- (দুইশত দশ কোটি) টাকা রিজার্ভ ফান্ডে স্থানান্তর ও অবশিষ্ট ৪,৭৪,২০,৮৮০/- (চার কোটি চুয়াত্তর লক্ষ বিশ হাজার আটশত আশি) টাকা পরবর্তী ২০১৮-২০১৯ অর্থ বছরে অবণ্টনকৃত মুনাফা হিসেবে স্থানান্তরের প্রস্তাব গৃহীত ও অনুমোদিত হলো।

**আলোচ্যসূচি নং-৪ ঃ**

**কোম্পানি সংঘবিধি অনুযায়ী জ্যেষ্ঠতার ভিত্তিতে পর্ষদের এক-তৃতীয়াংশ পরিচালকের অবসর গ্রহণ এবং পুনঃনির্বাচন।**

কোম্পানির সংঘবিধির ১৪০, ১৪১, ১৪২ এবং ১৪৩ ধারা মোতাবেক প্রতি বার্ষিক সাধারণ সভায় পরিচালকবৃন্দের এক-তৃতীয়াংশ জ্যেষ্ঠতার ভিত্তিতে অবসর গ্রহণ করবেন। তদানুযায়ী সরকার কর্তৃক মনোনীত পরিচালক মিসেস পারভীন আকতার, জনাব মোঃ ঈদতাজুল ইসলাম এবং জনাব ইস্তাক আহম্মেদ (শিমুল) পরিচালনা পর্ষদ হতে অদ্য অবসর গ্রহণ করেন।

কোম্পানির সংঘবিধির ১৪০ ও ১৪৩ ধারা অনুসারে পরিচালক মিসেস পারভীন আকতার, জনাব মোঃ ঈদতাজুল ইসলাম এবং জনাব ইস্তাক আহম্মেদ (শিমুল) পুনঃনির্বাচিত হওয়ার যোগ্যতা রাখেন বিধায় মিসেস পারভীন আকতার, জনাব মোঃ ঈদতাজুল ইসলাম এবং জনাব ইস্তাক আহম্মেদ (শিমুল)-কে পুনরায় পরিচালক পর্ষদের পরিচালক হিসেবে নির্বাচিত করার জন্য চেয়ারম্যান উপস্থিত সম্মানিত শেয়ারহোল্ডারদের মধ্য হতে একজনকে প্রস্তাব ও অন্য একজনকে তা সমর্থনের আহ্বান জানালে সম্মানিত শেয়ারহোল্ডার জনাব প্রশান্ত কুমার চক্রবর্তী, বিও আইডি নং- ১২০১৯০০০০১০৬৯৮৬৯ প্রস্তাবটি উত্থাপন করেন এবং জনাব মোঃ সাইফুল আজিম, বিও আইডি নং ১২০৪১৮০০২১৬১৯৫০১ উক্ত প্রস্তাবটি সমর্থন করেন।

**সিদ্ধান্ত ঃ**

মেঘনা পেট্রোলিয়াম লিঃ এর পরিচালক পর্ষদে পরিচালক হিসেবে মিসেস পারভীন আকতার, জনাব মোঃ ঈদতাজুল ইসলাম এবং জনাব ইস্তাক আহম্মেদ (শিমুল) এর পুনর্নিয়োগের প্রস্তাব গৃহীত ও অনুমোদিত হলো।

**আলোচ্যসূচি নং-৫ঃ**

**২০১৮-২০১৯ হিসাব বছরের জন্য যুগ্ম বহিঃ নিরীক্ষক নিয়োগ ও তাঁদের পারিশ্রমিক নির্ধারণ।**

চেয়ারম্যান সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দকে অবহিত করেন যে, ২০১৭-২০১৮ অর্থ বছরের হিসাব নিরীক্ষার পর কোম্পানির বর্তমান নিরীক্ষক মেসার্স হোদা ভাসী চৌধুরী এন্ড কোং, চার্টার্ড একাউন্ট্যান্টস এবং মেসার্স হোসেইন ফরহাদ এন্ড কোং, চার্টাড একাউন্ট্যান্টস এই বার্ষিক সাধারণ সভার দিনে অবসর গ্রহণ করলেন। বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের বিধান অনুযায়ী, পর পর ৩ বৎসর নিরীক্ষা কার্যে নিয়োজিত থাকায় ২০১৮-২০১৯ হিসাব বছরের হিসাব নিরীক্ষার জন্য মেসার্স হোদা ভাসী চৌধুরী এন্ড কোং, চার্টার্ড একাউন্ট্যান্টস্ এর পুনঃনিয়োগ পাওয়ার সুযোগ নেই। কিন্তু মেসার্স হোসেইন ফরহাদ এন্ড কোং, চার্টার্ড একাউন্ট্যান্টস ০২ বৎসর নিরীক্ষা কার্যে নিয়োজিত থাকায় আরো এক বৎসরের জন্য পুনঃনিয়োগ পাওয়ার যোগ্য। ২০১৮-২০১৯ হিসাব বছরের হিসাব নিরীক্ষার জন্য মেসার্স হোসেইন ফরহাদ এন্ড কোং, চার্টার্ড একাউন্ট্যান্টস এবং মেসার্স রহমান মোস্তফা আলম এন্ড কোং, চার্টার্ড একাউন্ট্যান্টস আগ্রহ প্রকাশ করায় প্রতিষ্ঠানদ্বয়-কে পূর্ববর্তী বৎসরের চেয়ে ২০,০০০/- টাকা পারিশ্রমিক বৃদ্ধি করে অর্থাৎ ১,৮০,০০০/- (একলক্ষ আশি হাজার) টাকা (যা উভয় প্রতিষ্ঠানের মধ্যে সমভাবে বিভাজ্য) নির্ধারণ পূর্বক নিয়োগের জন্য পরিচালক পর্ষদ সুপারিশ করছে।

উপরে বর্ণিত উভয় প্রতিষ্ঠান কোম্পানির ২০১৮-২০১৯ হিসাব বছরের জন্য নিরীক্ষক হিসেবে কাজ করার ইচ্ছা প্রকাশ করায় উক্ত নিরীক্ষকদ্বয়কে সমভাবে বিভাজ্য পারিশ্রমিক ১,৮০,০০০ (এক লক্ষ আশি হাজার) টাকা নির্ধারণপূর্বক নিযুক্তির প্রস্তাব উত্থাপন ও সমর্থনের নিমিত্তে চেয়ারম্যান শেয়ারহোল্ডারগণের প্রতি আহবান জানান।

এ পর্যায়ে সম্মানিত শেয়ারহোল্ডার মিসেস শিরীন আক্তার, বিও আইডি নং ১২০৫৫৯০০৬৬৪৭৪৮০৩ কর্তৃক প্রস্তাবটি উত্থাপন করা হলে সম্মানিত শেয়ারহোল্ডার জনাব মোঃ সায়ইম উদ্দিন চৌধুরী, বিও আইডি নং- ১২০৪১৮০০৫৪৮৯৮৫৪১ প্রস্তাবটি সমর্থন করেন।

**সিদ্ধান্ত ঃ**

২০১৮-২০১৯ অর্থ বছরের কোম্পানির হিসাব নিরীক্ষার জন্য (পরবর্তী বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠানের দিন পর্যন্ত) যুগ্ম বহিঃনিরীক্ষক হিসেবে মেসার্স হোসেইন ফরহাদ এন্ড কোং, চার্টার্ড একাউন্ট্যান্টস এবং মেসার্স রহমান মোস্তফা আলম এন্ড কোং, চার্টার্ড একাউন্ট্যান্টস্-কে সমভাবে বিভাজ্য পারিশ্রমিক সর্বসাকুল্যে ১,৮০,০০০/- (এক লক্ষ আশি হাজার) টাকা নির্ধারণপূর্বক নিযুক্তির প্রস্তাব সম্মানিত শেয়ারহোল্ডারগণ কর্তৃক গৃহীত ও অনুমোদিত হলো।

**আলোচ্যসূচি নং-বিবিধঃ**

**বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন এর বিধান অনুযায়ী ২০১৮-২০১৯ অর্থ বছরের জন্য "কর্পোরেট গভর্নেন্স কোড" প্রতিপালন বিষয়ে রিপোর্ট প্রণয়ন ও প্রত্যয়ন পত্র প্রদানের নিমিত্তে চার্টার্ড একাউন্ট্যান্টস ফার্ম নিয়োগ।**

চেয়ারম্যান সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দকে অবহিত করেন যে, বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের নোটিফিকেশন নং- বিএসইসি/সিএমআরআরসিডি/২০০৬-১৫৮/২০৭/এডমিন/৮০ তারিখ ০৩ জুন, ২০১৮ এর মাধ্যমে জারীকৃত কর্পোরেট গভর্নেন্স কোডের ৯(১) ধারা অনুযায়ী কোম্পানিতে "কর্পোরেট গভর্নেন্স কোড" যথাযথ ভাবে প্রতিপালনের বিষয়ে চার্টার্ড একাউন্ট্যান্টস অথবা কস্ট এন্ড ম্যানেজমেন্ট একাউন্ট্যান্টস অথবা চার্টার্ড সেক্রেটারী ফার্ম এর

রিপোর্ট ও প্রত্যয়ন পত্র কোম্পানির বার্ষিক প্রতিবেদনে প্রকাশের বাধ্যবাধকতা রয়েছে। উক্ত কোডের ৯(২) ধারা অনুযায়ী ২০১৮-২০১৯ অর্থ বছরে অত্র কোম্পানির "কর্পোরেট গভর্ণেন্স কোড" প্রতিপালন বিষয়ে রিপোর্ট ও প্রত্যয়ন পত্র প্রদানের নিমিত্তে মেসার্স এম.এ মল্লিক এন্ড কোং, চার্টার্ড একাউন্ট্যান্টস-কে ১৫,০০০/- টাকা সম্মানীতে নিয়োগের জন্য পরিচালনা পর্ষদ সুপারিশ করছে।

বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের বিধান অনুযায়ী ২০১৮-২০১৯ অর্থ বছরে অত্র কোম্পানির "কর্পোরেট গভর্ণেন্স কোড" প্রতিপালন বিষয়ে রিপোর্ট ও প্রত্যয়ন পত্র প্রদানের নিমিত্তে মেসার্স এম. এ মল্লিক এন্ড কোং, চার্টার্ড একাউন্ট্যান্টস-কে ১৫,০০০/- টাকা সম্মানীতে নিয়োগের প্রস্তাবটি উত্থাপন এবং সমর্থনের নিমিত্তে চেয়ারম্যান শেয়ারহোল্ডারগণের প্রতি আহবান জানান।

এ পর্যায়ে সম্মানিত শেয়ারহোল্ডার জনাব মোঃ আব্দুল্লাহ, বিও আইডি নং ১২০৩৩৩০০২১৬৪৫২৬৫ কর্তৃক প্রস্তাবটি উত্থাপন করা হলে সম্মানিত শেয়ারহোল্ডার জনাব মোঃ ওসমান গণি, বিও আইডি নং- ১২০২৭৬০০০০০৪৮৮৮৪ প্রস্তাবটি সমর্থন করেন।

<u>সিদ্ধান্ত</u> ঃ

২০১৮-২০১৯ অর্থ বছরে অত্র কোম্পানির "কর্পোরেট গভর্ণেন্স কোড" প্রতিপালন বিষয়ে রিপোর্ট প্রণয়ন ও প্রত্যয়ন পত্র প্রদানের নিমিত্তে মেসার্স এম. এ মল্লিক এন্ড কোং, চার্টার্ড একাউন্ট্যান্টস-কে ১৫,০০০/- টাকা সম্মানীতে নিয়োগের বিষয়টি ৪০তম বার্ষিক সাধারণ সভায় গৃহীত ও অনুমোদিত হলো ।

আর কোন আলোচ্যসূচি না থাকায় চেয়ারম্যান উপস্থিত সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ ও পরিচালকবৃন্দকে মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড এর ৪০তম বার্ষিক সাধারণ সভায় অংশগ্রহণ ও কার্যকর ভূমিকা রাখার জন্য এবং সম্মানিত পরিচালকবৃন্দকে কোম্পানির এজিএম কার্যক্রম সুচারুরূপে পরিচালনায় সহায়তা করার জন্য ধন্যবাদ জানান। তিনি নিষ্ঠা ও দক্ষতার সাথে কোম্পানির সার্বিক কর্মকান্ড সম্পাদনের জন্য কোম্পানির ব্যবস্থাপনা পরিচালকসহ সকল স্তরের কর্মকর্তা-কর্মচারী-শ্রমিকদেরকে অভিনন্দন ও ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি আশা প্রকাশ করেন যে, এ বৎসরের ন্যায় ভবিষ্যতেও কোম্পানির সকল স্তরের কর্মকর্তা, কর্মচারী ও শ্রমিকগণ তাঁদের আন্তরিকতা ও সদিচ্ছার মাধ্যমে কোম্পানির মুনাফা বৃদ্ধির ক্রমবর্ধমান ধারা অব্যাহত রাখবেন।

পরিশেষে মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড এর সার্বিক কর্মকান্ডের উত্তরোত্তর উন্নতি ও সমৃদ্ধি কামনা করে চেয়ারম্যান উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে কোম্পানির ৪০তম বার্ষিক সাধারণ সভার সমাপ্তি ঘোষণা করেন।

**আবু হেনা মোঃ রাহমাতুল মুনিম**
চেয়ারম্যান